

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৬৪ নং গান, তাল-চুংরী

- আমায় কি সাপে কামড়ালো,
 সখী আমায় কি সাপে কামড়ালো।
 তার বিধে তনু জ্বর জ্বর, জীবন জ্বলে গেল ॥
- ১। কালবরণ পাপ লো সখী দেখতে বড় ভাল।
 তার চাউনিতে কন্মসারা পাগল করে নিল ॥
- ২। কদম্বেরই মূলে সাপলো ফনা ধরে ছিল।
 আমি কি ক্ষণে জল আনতে গেলাম মরমে দংশিল ॥
- ৩। কোন্ বা দেশে ছিল এ সাপ কোন বিধি গড়িল।
 অবলা বধিতে সাপ বৃন্দাবনে এল ॥
- ৪। ওঝা বৈদ্য মানে না সাপ, উপায় কি তাই বল।
 সাপ সবাকে এড়ায়ে এসে আমাকে দংশিল ॥
- ৫। কাল সাপ ধরব বলে শিব সাপুড়ে হ'ল।
 সাপ ধরব ধরব বলে ঘরের বাহির হ'ল ॥
- ৬। এ সাপে কামড়া ব যাকে, তারতো কপাল ভালো।
 এবার বিষয় ভুজঙ্গ বিধে অশ্বিনীর প্রাণ গেল ॥

